কানাইঘাটে সাংবাদিকদের সাথে চেয়ারম্যান প্রার্থী বেলাল’র মতবিনিময়

কানাইঘাট প্রতিনিধিঃ আসন্ন কানাইঘাট উপজেলা পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী ঢাকার বিশিষ্ট ব্যবসায়ী সমাজসেবী বেলাল আহমদ এমবিএ স্থানীয় সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। আজ রবিবার দুপুর ১২টায় কানাইঘাট প্রেসক্লাব কার্যালয়ে মতবিনিময়কালে চেয়ারম্যান প্রার্থী বেলাল আহমদ বলেন, এলাকার সর্বস্তরের জনসাধারন, রাজনৈতিক দলের নেতাকর্মী, জনপ্রতিনিধি, ব্যবসায়ী, আলেম-উলামা, যুব ও তরুণ সমাজ সহ সমাজের নানা শ্রেণি-পেশার মানুষের অকুন্ঠ সমর্থন ও ভালোবাসা নিয়ে তিনি উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছেন। ইতিমধ্যে নির্বাচন সামনে রেখে কানাইঘাট বিভিন্ন এলাকায় সর্বস্তরের মানুষের সাথে মতবিনিময় করছেন এবং তাদের সমর্থনও পাচ্ছেন। মতবিনিময়কালে তিনি আরো বলেন, সিলেটের পূর্ব অঞ্চলের সীমান্তবর্তী অপরূপ সৌন্দর্য্য এবং প্রাকৃতিক সম্পদে ভরপুর জনপদ হচ্ছে কানাইঘাট। মহান স্বাধীনতা সংগ্রামে এ অঞ্চলের মানুষের গৌরব উজ্জ্বল ভূমিকা রয়েছে। পাশাপাশি যুগ যুগ ধরে অসংখ্য পীর-মাশায়েখ, আলেম-উলামা, জ্ঞানী-গুণী, প্রতিযশা ব্যক্তিদের পূণ্যভূমি হচ্ছে কানাইঘাট।

কিন্তু সিলেট জেলার মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ উপজেলা হিসেবে সম্পদে ভরপুর থাকা সত্ত্বেও উন্নয়ন-শিক্ষা-সংস্কৃতি, যোগাযোগ, কৃষি, শিল্পায়ন, কর্মসংস্থান থেকে অনেকটা পিছিয়ে রয়েছে কানাইঘাট। কানাইঘাটের একজন নাগরিক হিসেবে এ জনপদের মানুষের প্রত্যাশা প্রাপ্তি পূরণে এবং সবদিক থেকে এ অঞ্চলকে একটি সমৃদ্ধশালী এলাকায় পরিনত করতে তিনি নির্বাচনে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এ ক্ষেত্রে প্রেসক্লাব নেতৃবৃন্দ, স্থানীয় গণমাধ্যমকর্মীসহ সকলের সমর্থন ও সহযোগিতা কামনা করেছেন। বেলাল আহমদ বলেন, জনগণের ভোটে নির্বাচিত হলে প্রথমে কানাইঘাট উপজেলার গ্রামীণ পাকা-আধাপাকা ও কাঁচা সড়কগুলো ব্যাপক উন্নয়নের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার আমূল পরিবর্তন, কানাইঘাটবাসীর প্রধান সমস্যা নদী-ভাঙ্গন প্রতিরোধ, অবকাঠামোগত ব্যাপক উন্নয়ন, মান-সম্পন্ন শিক্ষা-প্রতিষ্ঠান গড়ে তোলা সহ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উন্নয়নে

ব্যাপক পরিকল্পনা গ্রহণ, প্রবাসী অধ্যুষিত কানাইঘাটবাসীর জন্য প্রবাসী সেল গঠনের মাধ্যমে একটি গাড়ী দিয়ে বিমানবন্দর থেকে যাতায়াতের জন্য ফ্রি ব্যবস্থা করণ, মানুষের দীর্ঘদিনের দাবী গ্যাস সংযোগ স্থাপনে মানুষকে ঐক্যবদ্ধ করন, কৃষকদের কল্যাণে নানামুখী পরিকল্পনা গ্রহণ, মানুষের একমাত্র কর্মসংস্থান লোভাছড়া পাথর কোয়ারী পুণরায় চালু এবং ভারতের সাথে ব্যবসা-বাণিজ্যের আমূল পরিবর্তনের লক্ষ্যে সীমান্ত এলাকায় স্থলবন্দর নির্মাণ, ছোট-বড় মাঝারি খামার গড়ে তোলে বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের মাধ্যমে সাবলম্বি করার জন্য সরকারের কাছে জোর দাবী তুলে ধরব এবং বাস্তবায়নে সর্বাত্মক চেষ্টা করব ইনশাআল্লাহ।

এক্ষেত্রে আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হিসেবে দলমতের উর্ধ্বে উঠে সর্বস্তরের মানুষের সাহায্য ও সহযোগিতা কামনা করেন চেয়ারম্যান প্রার্থী বেলাল আহমদ। তিনি আরো বলেন, কানাইঘাটের একজন নাগরিক হিসেবে বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে সম্পৃক্ত থেকে সব-সময় কানাইঘাটের মানুষের পাশে থাকার চেষ্টা করেছেন। ইমেজ ফাউন্ডেশন এর মতো সেবা মূলক সামাজিক সংগঠন প্রতিষ্ঠা করে উক্ত সংগঠনের মাধ্যমে দীর্ঘদিন থেকে নানা ধরনের মানবিক কাজ করে যাচ্ছি। আমার এসব কাজে সাংবাদিক সমাজ সহ সবাই অকুন্ঠ সমর্থন ও প্রেরনা দিয়েছেন। সব-সময় এলাকার মানুষের খোঁজ-খবর নিয়েছি এবং কানাইঘাটের সমস্যা ও সম্ভাবনা চিহ্নিত করেছি।

মানুষের পাশে দাড়িয়ে তাদের সমস্যা ও সম্ভাবনাগুলো বাস্তবায়ন করতে হলে নির্বাচনের মাধ্যমে সেগুলো অনেক ক্ষেত্রে পূরণ করা সম্ভব। এ জন্য উপজেলা নির্বাচনে তিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন বলে মতবিনিময়কালে চেয়ারম্যান প্রার্থী বেলাল আহমদ উল্লেখ করেন। মতবিনিময়কালে তার সাথে উপস্থিত ছিলেন, সাবেক ইউপি সদস্য আওয়ামীলীগ নেতা রফিক মিয়া, এলাকার মুরব্বী হেলাল আহমদ, বিলাল আহমেদ, জাপা নেতা নিজাম উদ্দিন, হাফিজ আব্দুল হালিম, যুবনেতা ফখরুল ইসলাম, নূরে আলম, নাসির উদ্দিন সহ আরো অনেকে। উল্লেখ্য যে, চেয়ারম্যান প্রার্তী বেলাল আহমদ বাড়ি হচ্ছে কানাইঘাট উপজেলার রাজাগঞ্জ ইউনিয়নের মইনা গ্রামে। তিনি ঢাকার একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। ইমেজ ফাউন্ডেশন গড়ে তুলে বিভিন্ন ভাবে মানবিক কার্যক্রম চালিয়ে আসছেন। পাশাপাশি জালালাবাদ এসোসিয়েশন ঢাকা এবং ঢাকা উত্তরা সিলেট সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্যের দায়িত্ব পালন করছেন।